সংবাদ

তারিখ ... 29 JAN 2012 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......

# রাজধানীর প্রাইভেট স্কুলগুলোতে চলছে বেপরোয়া ভর্তি বাণিজ্য

রাকিব উদ্দিন

বেপরোয়া ভর্তি বাণিজ্য চলছে রাজধানীর প্রাইভেট স্কুল- কলেজগুলোতে। এসব শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা ভর্তি নীতিমালারও তোয়াক্কা করছে না। ফলে বিপাকে পড়েছেন শিক্ষার্থী ও অভিভাবকরা। এসব প্রতিষ্ঠান শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি), ঢাকা শিক্ষা বোর্ড এবং সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাদের অনৈতিক সুযোগ-সুবিধা দিয়ে ১০ হাজার থেকে এক লাখ ৪৫ হাজার টাকা পর্যন্ত ভর্তি ফি নিচ্ছে বলে অভিযোগ উঠেছে।

এ বিষয়ে শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী সংবাদ'কে বলেন, 'একসঙ্গে সব শিক্ষাপ্রতিষ্ঠানের ভর্তি বাণিজ্য রোধ করা যাবে না।' তবে পর্যায়ক্রমে প্রাইভেট স্কুলের ভর্তি বাণিজ্যও বন্ধের উদ্যোগ নেয়া হবে বলে তিনি জানিয়েছেন।

ও বিষয়ে জানতে চাইলে ভিকারুন নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মঞ্জু আরা বেগম সংবাদ'কে বলেন, শুধু শীর্ষস্থানীয় শিক্ষাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিলেই চলবে না। প্রাইভেট প্রতিষ্ঠানের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নিতে হবে। তিনি জানান, কয়েকটি প্রাইভেট প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে বিভিন্নভাবে বিজ্ঞাপন প্রচার করে শিক্ষার নামে বাণিজ্য করছে। এ বিষয়ে অভিভাবক ঐক্য ফোরামের সভাপতি জিয়াউল কবীর দুলু সংবাদ'কে বলেন, 'ক্যামব্রিয়ান স্কুলসহ যেসব স্কুল অনিয়ম দুর্নীতি করছে এবং ভর্তি

রাজধানীর : পৃষ্ঠা : ১৫ ক :

## রাজধানীর : প্রাইভেট

(১ম পৃষ্ঠার পর)

নীতিমালা মানছে না সেসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারের কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেয়া উচিত।' প্রয়োজনে এসব প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন বাতিলেরও দাবি জানিয়েছেন তিনি।

জানা গেছে, সরকার সব ধরনের মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ভর্তি নীতিমালা জারি করলেও কেবল এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানকে তা মানতে বাধ্য করছে। কিন্তু প্রাইভেট স্কুলের ভর্তি বাণিজ্যের লাগাম টানার কোন তৎপরতা নেই। উল্টো এসব প্রতিষ্ঠানকে নানাভাবে পৃষ্ঠপোষকতা করা হচ্ছে শিক্ষা মন্ত্রণালয়, মাউশি ও শিক্ষা বোর্ড থেকে।

শিক্ষা মন্ত্রণালয়ের নীরবতার সুযোগে রাজধানীর ক্যামব্রিয়ান স্কুল প্রথম শ্রেণীতে ভর্তি ফি নিচ্ছে এক লাখ ৪৫ হাজার টাকা, কিডস টিউটোরিয়াল স্কুল নিচ্ছে ২৩ হাজার ৫০০ টাকা, মাইলস্টোন স্কুল নিচ্ছে ১৪ হাজার টাকা।

এছাড়া খিলগাঁওয়ের কোয়ালিটি এডুকেশন স্কুল, রামপুরার ফয়জুর রহমান আইডিয়াল স্কুল, এসওএস হারম্যান মেইনর উচ্চ বিদ্যালয়, বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলসহ অন্যান্য প্রাইভেট স্কুলগুলো ভর্তি ফি ১০ হাজার টাকা বেশি নিচ্ছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

মাউশি সম্প্রতি রাজধানীর ৩২টি শিক্ষাপ্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত যাচাই-বাছাই করে ২৪টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিয়মবহির্ভূতভাবে পাঁচ হাজার টাকার বেশি ভর্তি ফি নেয়ার প্রমাণ পেয়েছে। কিন্তু প্রাইভেট স্কুলের ভর্তি কার্যক্রমের তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়নি।

উল্লেখ্য, ভর্তি ফি সর্বোচ্চ ৫ হাজার টাকা নির্ধারণ করে নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে গত ১৫ ডিসেম্বর নীতিমালা-২০১১ জারি করে শিক্ষা মন্ত্রণালয়।